দৈনিক বাংলা
তারিখ 16 DEC 1995 পৃষ্ঠা ১ কলাম ৬

# নামকরা স্কুলে ভর্তি ঃ অভিভাবকদের উদ্বেগ উৎকণ্ঠা বাড়ছে

সুনীল ব্যানার্জি ঃ নতুন শিক্ষাবর্ষ জানুয়ারী মাস শুরুর আগে অন্যান্যবারের মত এবারও রাজধানী ঢাকার নামকরা স্কুলে ভর্তিইচ্ছুক ছাত্রছাত্রীদের অভিভাবকের উদ্বেগ-উৎকণ্ঠা বাড়তে শুরু করেছে। উদয়ন, সেন্ট যোসেফসহ এরই মধ্যে রাজধানীর নামকরা বেশ কয়েকটি বেসরকারী স্কুলে ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। রাজধানীর নামকরা অন্যসব সরকারী ও বেসরকারী স্কুলের ভর্তি পরীক্ষা চলতি মাস এবং জানুয়ারী মাসে হবার কথা। এসব নামকরা স্কুলের অন্তত কোন একটিতে যাতে সন্তানরা ভর্তি হতে পারে সে জন্য সংশ্লিষ্ট অভিভাবকদেয় অনেকে এরই মধ্যে দেন-দরবার শুরু করেছেন।

সংশ্লিষ্ট স্কুলসহ বিভিন্ন সূত্রে জানা গেছে, রাজধানীর অন্যতম নামকরা স্কুল উদয়নের ভর্তির লিখিত পরীক্ষা শেষ হয়েছে গত নবেম্বর। ডিসেম্বরের ৩ ও ৪ তারিখে শেষ হয়েছে মৌখিক পরীক্ষা। ভর্তির চূড়ান্ত পরীক্ষার রেজাল্ট দেয়া হয়েছে গত শুক্রবার। এই স্কুলের কেজি ওয়ান ক্লাসের মাত্র ১৮০টি সিটের জন্য প্রায় ৬০০ জন পরীক্ষা দেয়। ভর্তি পরীক্ষার ফরম বাবত প্রত্যেকের কাছ থেকে ১শ' টাকা নেয়া হয়েছে; যারা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের প্রত্যেকের কাছ থেকে ভর্তির জন্য নেয়া হবে ৭শ' টাকা। উদয়ন হাই স্কুলের প্রধান শিক্ষিকা শ্যামলী নাসরিন চৌধুরী জানান, এর অতিরিক্ত কারও কাছ থেকে কোন টাকা নেয়া হয়নি। নেয়া হবেও না। ভর্তির যাবতীয় টাকা পয়সার লেনদেন ব্যাংকের মাধ্যমে হয়। ভর্তির ব্যাপারে কারও কোন প্রভাব কাজ করে না। তবে যেহেতু উদয়ন স্কুল বিশ্ববিদ্যালয় এলাকায় অবস্থিত সেহেতু বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকার সন্তানদের ভর্তির ব্যাপারে প্রাধান্য দেয়া হয়।

সেন্ট যোসেফ হাই স্কুলের ভর্তি পরীক্ষাও হয়ে গেছে। এই স্কুলের তৃতীয় শ্রেণীর ১১০টি সিটের জন্য ৫৬০ জন ভর্তি পরীক্ষা দেয়। ফরম বিক্রি হয়েছে তার চেয়ে বেশী। প্রতিটি ফরম ১০০ টাকা। স্কুলের একজন কর্মকর্তা জানান, ভর্তির ব্যাপারে কোন তদবির কাজ করে না সেখানে। অতিরিক্ত টাকা পয়সাও নেয়া হয় না।

হলিক্রস স্কুলে প্রথম ও ৬ষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা হবার কথা চলতি মাসের ২২

(৮-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## নামকরা স্কুলে ভর্তি ঃ অভিভাবকদের উদ্বেগ

(প্রথম পৃষ্ঠার পর)

তারিখে। এই দুটি ক্লাসের শ'দেড়েক সিটের জন্য এরই মধ্যে সহস্রাধিক ভর্তি ফরম বিক্রি হয়েছে। প্রতিটি ভর্তি ফরম ১০০ টাকা।

উইলস লিটল ফ্লাওয়ার স্কুলে নার্সারী ক্লাসে অনূর্ধ্ব ২০০ সিটের জন্য ভর্তি পরীক্ষা হবে জানুয়ারীর প্রথমার্ধে। সাদা কাগজে দরখাস্ত করা যাবে। ভর্তির জন্য কোন ফরম বিক্রি হয় না। তবে ভর্তির জন্য যারা নির্বাচিত হবে তাদের প্রত্যেকের কাছ থেকে স্কুলের উন্নয়নের জন্য ৫ হাজার টাকা অনুদান নেয়া হবে। তবে ভর্তিসহ যাবতীয় লেনদেন হবে ব্যাংকের মাধ্যমে।

রেসিডেন্সিয়াল মডেল হাইস্কুলের তৃতীয় ও নবম শ্রেণীর ভর্তি পরীক্ষার জন্য ফরম বিক্রি শুরু হবে দু'তিন দিনের মধ্যে। এই দুটি শ্রেণীতে প্রায় ২শ' ছাত্র নেয়া হবে। গত বছর প্রতিটি ভর্তি ফরম বিক্রি হয়েছে ১২৫ টাকায়। এবার এখনও কত টাকায় ভর্তি ফরম বিক্রি হবে সিদ্ধান্ত হয়নি। গত বছর প্রায় উল্লিখিত সমসংখ্যক সিটের জন্য ৭শ'রও বেশী ভর্তি ফরম বিক্রি হয়েছিল।

ভিকারুননেসা নূন ও আইডিয়ালসহ আরও অনেক বেসরকারী নামকরা স্কুলের ভর্তি পরীক্ষা জানুয়ারীর প্রথম সপ্তাহে হতে পারে। গভঃ ল্যাবরেটরী, ধানমন্ডি সরকারী বয়েজ, গার্লস হাইস্কুল, মতিঝিল বয়েজ, গার্লস সরকারী হাইস্কুল, খিলগাঁও বয়েজ সরকারী ও কলেজিয়েট হাইস্কুলসহ রাজধানীর ২৪টি সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা জানুয়ারী মাসের একইদিন বা এক সপ্তাহের মধ্যে অনুষ্ঠিত হতে পারে। শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, সরকারী স্কুলের ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়নি। তবে এমনও হতে পারে ৪টি বা ৬টি স্কুলের ভর্তি পরীক্ষা একেদিন অথবা সব স্কুলের পরীক্ষা একই দিন নেয়া হতে পারে। তদবির এড়ানোর জন্য এই ব্যবস্থা নেয়ার চিন্তা-ভাবনা চলছে।

ভর্তি পরীক্ষা কবে এবং কোন স্কুলে এখনও ঠিক হয়নি। অথচ এরই মধ্যে অনেক অভিভাবক নামকরা কোন কোন স্কুলে তদবির করতে শুরু করেছেন। দেন-দরবার কবছেন সংশ্লিষ্ট স্কুলের কর্তাব্যক্তিদের কাছে।

উল্লেখ্য যে প্রতিবছর প্রায় ১ লাখ ছেলে-মেয়ে রাজধানীর নামকরা স্কুলগুলোতে ভর্তির জন্য আবেদন করে। অথচ প্রথম, তৃতীয় ও ৬ষ্ঠ শ্রেণীর জন্য এই স্কুলগুলোতে গড়ে সিট থাকে ৮ থেকে ১২ হাজার পর্যন্ত। এবার ভর্তি ইচ্ছুক ছেলেমেয়ের সংখ্যা আরও বাড়তে পারে। তবে স্কুলগুলোতে সেই তুলনায় সিট সংখ্যা তেমন বাড়বে না। এসব তথ্য কয়েকটি স্কুলের অভিজ্ঞ শিক্ষকের কাছ থেকে জানা গেছে।